

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৭৩. কাঁচা গোশত স্পর্শ করলে অযু করতে ও হাত ধুতে হবে কিনা

باب الْوُضُوءِ مِنْ مَسِّ اللَّحْم النِّيءِ وَغَسْلِهِ

### আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، وَأَيُّوبُ بْنُ مُحَمَّدِ الرَّقِيُّ، وَعَمْرُو بْنُ عُثْمَانَ الْحِمْصِيُّ الْمَعْنَى وَ قَالُوا حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، أَخْبَرَنَا هِلَالُ بْنُ مَيْمُونِ الْجُهَنِيُّ، عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِي قَالَ هِلَالٌ لَا أَعْلَمُهُ إِلَّا عَنْ أَبِي سَعِيدٍ . وَقَالَ أَيُّوبُ وَعَمْرُو أُرَاهُ \_ عَنْ أَبِي سَعِيدٍ اللَّيْثِي على الله عَليه وسلم مَرَّ بِغُلَامٍ وَهُوَ يَسْلُخُ شَاةً فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَرَّ بِغُلامٍ وَهُو يَسْلُخُ شَاةً فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " تَنَحَّ حَتَّى أُرِيكَ فَأَدْخَلَ يَدَهُ بَيْنَ الْجِلْدِ وَاللَّحْمِ فَدَحَسَ بِهَا حَتَّى تُوارَتْ إِلَى عَنْ الْإِبْطِ ثُمَّ مَضَى فَصَلَى لِلنَّاسِ وَلَمْ يَتَوَضَيَّا أَ . قَالَ أَبُو دَاوُدَ زَادَ عَمْرُو فِي حَدِيثِهِ \_ يَعْنِي \_ لَا إِنْ اللهِ عَلْمَ عَلَى الله عَلْمَ مَنَى فَصَلَى لِلنَّاسِ وَلَمْ يَتَوَضَيَّا أَنُ قَالَ أَبُو دَاوُدَ زَادَ عَمْرُو فِي حَدِيثِهِ \_ يَعْنِي \_ \_ لَمْ يَمَسَّ مَاءً .

## \_ صحيح

وَقَالَ عَنْ هِلَالِ بْنِ مَيْمُونِ الرَّمْلِيِّ وَرَوَاهُ عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ وَأَبُو مُعَاوِيَةَ عَنْ هِلَالٍ عَنْ عَلْالٍ عَنْ عَطَاءٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً لَمْ يَذْكُرَا أَبَا سَعِيدٍ

#### বাংলা

১৮৫। আবূ সাঈদ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি বালকের নিকট দিয়ে যাচ্ছিলেন। সে তখন একটি বকরীর চামড়া ছাড়াচ্ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুমি একটু সরে যাও, আমি তোমাকে শিখিয়ে দিচ্ছি। এই বলে তিনি বকরীর চামড়া ও মাংসের মাঝখানে হাত ঢুকিয়ে দিলেন। এমনকি তাঁর হাত বগল পর্যন্ত ঢুকে গেল। অতঃপর সেখান থেকে উঠে গিয়ে অযু না করেই তিনি লোকদের সালাত আদায় করালেন। আমর তাঁর বর্ণিত হাদীসে আরো উল্লেখ করেন যে, 'তিনি পানিও স্পর্শ করেননি'। [1]



সহীহ।

তিনি বলেন, এছাড়া হিলাল হতে 'আত্বা থেকে আবূ সাঈদের নাম উল্লেখ না করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে হাদীসটি মুরসালভাবে বর্ণনা করেছেন।

### **English**

Narrated AbuSa'id al-Khudri:

The Prophet (ﷺ) passed by a boy who was skinning a goat. The Messenger of Allah (ﷺ) said: Give it up until I show you. He (the Prophet) inserted his hand between the skin and the flesh until it reached the armpit. He then went away and led the people in prayer and he did not perform ablution. The version of Amr added that he did not touch water.

Abu Dawud said: This tradition has been narrated though another chain of transmitters, making no mention of Abu Sa'id.

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ যাবাহ, হাঃ ৩১৭৯) মারওয়ান ইবনু মুপ্রাবিয়াহ সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । কাঁচা গোশত স্পর্শ করলে উযু করতে হয় না।
- ২। অন্যের প্রতি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহযোগিতা ও বদান্যতা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন